

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
ডামুড্যা, শরীয়তপুর।

পত্র নং- ৩৩.০২.৮৬২৫.৫০১.২৬.০০১.১২- ২৮৫


তারিখঃ- ১৬/১১/২০২০ খ্রিঃ

নোটিশ

সারাদেশে কোভিড-১৯ এর কারণে বিদেশে কর্মরত অনেক প্রবাসী বিদেশ হতে ফিরে এসে কর্মহীন হয়ে পড়েছেন। প্রবাসী জনগণকে কর্মে সম্পৃক্ত করার মাধ্যমে জীবনমান উন্নয়নের লক্ষ্যে সরকার ইতোমধ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছেন। মৎস্য সেক্টরে তাদের কর্মসংস্থানের অনেক সুযোগ রয়েছে। এছাড়াও অনেক প্রবাসীগণ মৎস্য খাতে বিনিয়োগ করতে আগ্রহী। বিদেশ ফেরত কর্মহীন যুবকদের কর্মসংস্থান সৃষ্টি ও আগ্রহী প্রবাসীদের বিনিয়োগে মৎস্য সেক্টরে ১ লক্ষ সুবিধাভোগীদের সুযোগ-সুবিধা সৃষ্টির মাধ্যমে এ সেক্টরের উদ্যোক্তা তৈরীর জন্য একটি প্রকল্প প্রণয়নের নিমিত্ত তথ্যাদি প্রেরণের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে আপনার ইউনিয়নে যদি মৎস্যখাতে বিনিয়োগে আগ্রহী কোন বিদেশ ফেরত প্রবাসী থাকেন তাদের তালিকা আগামী ২০/১১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক উপজেলা মৎস্য অফিসার, ডামুড্যা, শরীয়তপুর এর কার্যালয়ে প্রেরণের জন্য আপনাকে সদয় অনুরোধ করা হলো।

প্রাপকঃ

চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ,  
ডামুড্যা, শরীয়তপুর

  
(মোঃ সিরাজুল হক)

উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:)  
ডামুড্যা, শরীয়তপুর।

পত্র নং- ৩৩.০২.৮৬২৫.৫০১.২৬.০০১.১২- ২৮৫

তারিখঃ- ১৬/১১/২০২০ খ্রিঃ

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডামুড্যা, শরীয়তপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ডামুড্যা, শরীয়তপুর।
৪. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডামুড্যা, শরীয়তপুর।
৫. জনাব .....
৬. সংশ্লিষ্ট নথি।

  
(মোঃ সিরাজুল হক)

উপজেলা মৎস্য কর্মকর্তা(অ:দা:)  
ডামুড্যা, শরীয়তপুর।